

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

তারিখ : ১৩ই জানুয়ারী, ২০২১


উপাচার্য মহাশয় সমীপে
বিশ্বভারতী
শান্তিনিকেতন, বোলপুর

বিষয় : সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে কিছু বক্তব্য।

মাননীয় মহাশয়,

আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি গত বেশ কিছুদিন ধরে বিশ্বভারতীতে গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। আমাদের প্রায় শতাব্দী প্রাচীন এই ঐতিহ্যবাহী শিক্ষক সংগঠন দৃঢ়ভাবে বিশ্বাস করে যে স্বাধীন মত প্রকাশের অধিকার যে কোনো উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের উৎকর্ষের অন্যতম প্রধান শর্ত। অথচ সাম্প্রতিক ঘটে যাওয়া কিছু ঘটনাক্রমে দেখা যাচ্ছে গুরুদেব রবীন্দ্রনাথের সাধের বিশ্বভারতীতেই এখন মত প্রকাশের অধিকার হরণ করা হচ্ছে। অধ্যাপক সুদীপ্ত ভট্টাচার্য সহ অন্যান্য অধ্যাপকবৃন্দের ও শ্রী বিদ্যুৎ সরকার সহ অন্যান্য শিক্ষাকর্মী বন্ধুদের সাময়িক বরখাস্ত ও বেতন আটকানোর মতো ঘটনাবলী আমাদের যুগপৎ বিস্মিত ও ক্ষুব্ধ করেছে। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দাবি জানাচ্ছে রবীন্দ্রনাথের প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ে স্বাধীনভাবে বহুমত প্রকাশের অধিকারকে মান্যতা দিয়ে অবিলম্বে বিশ্বভারতীতে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনা হোক। একই সঙ্গে আমরা এও দাবি জানাচ্ছি যে সমস্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের বিরুদ্ধে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা যেন অবিলম্বে প্রত্যাহার করা হয়। শিক্ষা ও সংস্কৃতির স্বার্থে আমাদের এই দাবি যথাযথভাবে বিবেচিত হবে, এই আশা রাখি।

নমস্কার এবং ধন্যবাদ সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

ওয়েবকুটা

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪